অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/25/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইকুয়্যাল পে ডে-কে স্বীকৃতি দিলেন এবং নিউ ইয়র্ক স্টেটে লিঙ্গের কারণে বেতনের পার্থক্য দূর করার চেষ্টার উপর আলোকপাত করলেন

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ লেবার সর্বশেষ লিঙ্গের কারণে বেতনের পার্থক্যের রিপোর্ট প্রকাশ করেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ইকুয়্যাল পে ডে-কে (Equal Pay Day) স্বীকৃতি দিয়েছেন, যা লিঙ্গের কারণে বেতনের পার্থক্যের (gender wage gap) চলমান সংগ্রামকে চিহ্নিত করে এবং নিউ ইয়র্ক স্টেটে (New York State, NYS) সকল কর্মীদের জন্য সমান বেতনের লড়াই চালিয়ে যাওয়ার প্রতিজ্ঞা করে। ইকুয়্যাল পে ডে হলো গত বছরে পুরুষেরা যে আয় করেছে তার সমান আয় করতে নারীদের বছরের কতটা পর্যন্ত কাজ করতে হবে তার প্রতীক, যা তুলে ধরে যে নারীরা প্রায়ই তাদের পুরুষ কলিগদের তুলনায় কম বেতন পায়। পুরো স্টেট এবং দেশের শ্রম বাজার যে প্রথম সমস্যাগুলির মুখোমুখি হয় তার একটি হয়ে আছে এই বৈষম্য। নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ লেবার (New York State Department of Labor, NYSDOL) 2023 থেকে পাওয়া ডেটা সম্প্রতি বিশ্লেষণ করেছে এবং জানতে পেরেছে যে নিউ ইয়র্ক স্টেটে ফুলটাইম, সারা বছর কাজ করা নারীরা পুরুষদের পাওয়া প্রতি এক মার্কিন ডলারের জন্য 87.3 সেন্ট পেয়েছে। যদিও পার্থক্য দূর করতে এখনো আরো অনেক কাজ বাকি, তবে প্রতি মার্কিন ডলারের জন্য 81.1 সেন্টার জাতীয় গড়ের তুলনায় নিউ ইয়র্কে লিঙ্গের কারণে বেতনের পার্থক্য কম। আসলে, নিউ ইয়র্কে দেশের স্টেটগুলির মধ্যে তৃতীয় ক্ষুদ্রতম বেতনের পার্থক্য আছে, এ ক্ষেত্রে তারা ভারমন্ট (Vermont) এবং রোড আইল্যান্ডের (Rhode Island) পেছনে আছে।

"বেশিরভাগ সময় নারীরাই একটি শিশু বা একজন বয়স্ক বাবা-মায়ের দেখাশোনা প্রথমে করে থাকেন, তারা এই কাজ করতে গিয়ে নিজেদের আর্থিক নিরাপত্তা ত্যাগ করেন এবং এটিকেই স্বাভাবিক বলে মেনে নিতে নিউ ইয়র্ক চায় না," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমরা কঠিন কাজগুলি করছি। আমরা আমাদের সংবিধানে অ্যাবর্শনের অধিকার প্রতিষ্ঠা করেছি, নারীদের যাতে 20 ঘণ্টার পেইড প্যারেন্টাল লিভ থাকে তা নিশ্চিত করেছি, চাইল্ডকেয়ারের অ্যাক্সেস বাড়িয়ে দিয়েছি, নারীদের জন্য সুযোগ বাড়াতে ওয়ার্কফোর্স বিকাশের প্রোগ্রাম তৈরি করেছি এবং আমাদের Minority and Women Owned Business প্রোগ্রামকে জোরদার করেছি, কারণ যখন নারীদের কাছে সফল হওয়ার স্বাধীনতা ও সমর্থন থাকে, তখন আমাদের অর্থনীতি বিকশিত হয়। সমান বেতনের অর্থ শুধু ন্যায্যতা নয়; এর অর্থ হলো সকলের জন্য আরো

শক্তিশালী, আরো ন্যায্য ভবিষ্যৎ গড়ে তোলা এবং নিউ ইয়র্কের প্রথম নারী গভর্নর হিসেবে আমি এই লড়াইটি জিততেই চাই।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ লেবারের বিশ্লেষণে দেখা গেছে যে অশ্বেতাঙ্গ নারীরা এখনো অপেক্ষাকৃত বেশি বৈষম্যের মুখোমুখি হচ্ছে, যেখানে হিস্প্যানিক নারী এবং কৃষ্ণাঙ্গ নারীরা শ্বেতাঙ্গ, হিস্প্যানিক নয় এমন পুরুষের আয় করা প্রতি মার্কিন ডলারের তুলনায় যথাক্রমে 60.6 সেন্ট এবং 67.7 সেন্ট আয় করছে। এই সংখ্যাগুলোকে অন্যভাবে বললে, 2023 সালে নিউ ইয়র্ক স্টেটে একজন নারীর মিডিয়ান উপার্জন (62,111 মার্কিন ডলার) হলো তার পুরুষ সহকর্মীর আয়ের তুলনায় 9,057 মার্কিন ডলার কম। যদি এই বেতনের পার্থক্য বদলানো না যায়, তাহলে একটি 40 বছরের ক্যারিয়ারে মিডিয়ান বেতন পাওয়া একজন পুরুষের তুলনায় সেই নারী 362,280 মার্কিন ডলার কম আয় করবে।

নিউ ইয়র্ক স্টেটের লেবার কমিশনার Roberta Reardon (রবার্টা রিয়ারডন) বলেন, "ইক্যুয়াল পে ডে আমাদেরকে মনে করিয়ে দেয় যে লিঙ্গের কারণে বেতনের পার্থক্য দূর করতে আরো কাজ করতে হবে। যদিও আমরা উল্লেখযোগ্য অগ্রগতি করেছি, অর্থনৈতিক অসমতা রয়েই গেছে। একজন নারীদের কাজের জন্য কম মূল্য এবং কম বেতন দেওয়া হয়। এটি বদলাতেই হবে। গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের অধীনে আমরা এমন সকল বাঁধা দূর করতে চেষ্টা চালিয়ে যাবো যা নিউ ইয়র্কবাসীদেরকে লিঙ্গ নির্বিশেষে নিজেদের সম্পূর্ণ আয়ের সম্ভাবনায় পৌঁছাতে বাঁধা দিচ্ছে।"

দায়িত্ব নেওয়ার পর থেকে গভর্নর Hochul (হোকল) লিঙ্গের কারণে বেতনের পার্থক্য দূর করতে দেশসেরা পদক্ষেপ নেওয়ার ব্যাপারে মনোযোগ দিয়েছেন। চাইল্ড কেয়ার দায়িত্ব লিঙ্গের কারণে বেতনের পার্থক্যের একটি দীর্ঘস্থায়ী কারণ। গভর্নর তার 2025-এর স্টেট অফ দ্য স্টেট ভাষণে এবং ফিসক্যাল ইয়ার 2026-এর স্টেটের এক্সিকিউটিভ বাজেটের প্রস্তাবনায় অনেকগুলি পরিবারকেন্দ্রিক উদ্যোগকে অগ্রাধিকার দিয়েছেন যা আরো সমতার শ্রম বাজার তৈরি করবে। নিউ ইয়র্ক কোয়ালিশন ফর চাইল্ড কেয়ার (New York Coalition for Child Care) প্রতিষ্ঠা করা, চাইল্ড কেয়ার বিকল্প পুল তৈরি করা, এবং নতুন চাইল্ডকেয়ার ফ্যাসিলিটি বানাতে ও বিদ্যমানগুলির সংস্কার করতে 100 মিলিয়ন মার্কিন ডলারের চাইল্ড কেয়ার নির্মাণ তহবিলের সবগুলিই হলো নিউ ইয়র্ক স্টেটকে সার্বজনীন চাইল্ড কেয়ার অর্জনের আরো কাছে নিয়ে যাওয়ার জন্য গভর্নরের বহু বছরের চেষ্টার অংশ, এটি একটি অতি প্রয়োজনীয় ব্যবস্থা যা নিশ্চিত করবে যে কাজের ক্ষেত্রে নারীদের পূর্ণ এবং সমান অংশগ্রহণ থাকতে পারে। গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের অধীনে, নিউ ইয়র্ক স্টেট চাইল্ড কেয়ার অ্যাক্সেসিবিলিটি বাড়ানোর জন্য 7 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে। এছাড়াও গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের চাইল্ড ট্যাক্স ক্রেডিটের (Child Tax Credit) ঐতিহাসিক এক্সপ্যানশনের প্রস্তাবনা করেছেন, যা 1.5 মিলিয়নের বেশি পরিবারকে প্রভাবিত করবে এবং এটি ইতিহাসে স্টেটের চাইল্ড ট্যাক্স ক্রেডিটে একক সর্বোচ্চ বৃদ্ধি।

প্রস্তাবনাগুলি আরো সমতার শ্রম বাজার গড়ে তুলতে গভর্নর Hochul-এর (হোকল) আগের পদক্ষেপগুলির অনুসারী। নিউ ইয়র্ক এখন দেশের প্রথম স্টেট হিসেবে 20 ঘণ্টার পেইড প্যারেন্টাল লিভ আবশ্যিক করেছে, যা নিশ্চিত করে যে কোনো গর্ভবতী কর্মীকে একটি পেচেক

এবং একই চেকআপের মধ্যে যেকোনো একটিকে বেছে নিতে হবে না। 2024 সালে, নিউ ইয়র্ক বুকের দুধ বের করার জন্য পেইড বিরতি আবশ্যিক করার মাধ্যমে কাজের জায়গার অধিকার বাড়িয়েছে। অতি গুরুত্বপূর্ণ বিষয় হলো উভয় বেনিফিটই ফুলটাইম এবং পার্টটাইম কর্মীদের জন্য থাকছে, যেহেতু স্টাডিতে দেখা গেছে যে পার্টটাইম চাকরি করার সম্ভাবনা পুরুষের থেকে নারীদের জন্য বেশি।

স্টেটের সিনেটর Jessica Ramos (জেসিকা রামোস) বলেন, "বর্ণ এবং লিঙ্গের কারণে বেতনের পার্থক্য দূর করতে গভর্নর Hochul-এর (হোকল) পার্টনারশিপে আমরা যে কাজ করেছি তার জন্য আমি গর্বিত। বেতনের স্বচ্ছতা বাড়ানোর ব্যাপারে নিউ ইয়র্ক শীর্ষ অবস্থানে আছে, এখানে শীর্ষ মেধা ও যোগ্য প্রার্থীদেরকে তাদের প্রাপ্য বেতন ও বেনিফিট পাওয়ার ব্যাপারে আলোচনা করার ক্ষমতা দেওয়ার মাধ্যমে তাদেরকে আকৃষ্ট করার ক্ষমতা চাকরিদাতাদেরকে দেওয়া হয়। এভাবেই আমরা নারীকেন্দ্রিক দারিদ্র্যের মোকাবেলা করছি।"

অ্যাসেম্বলির সদস্য Harry B. Bronson (হ্যারি বি ব্রন্সন) বলেন, "লেবার কমিটির চেয়ার হিসেবে একটি সমতার, ইনক্লুসিভ অর্থনীতির জন্য আমি প্রতিদিন জোর লড়াই করি, এবং সকলের জন্য ন্যায্য বেতন ছাড়া আমরা ন্যায্য অর্থনীতি পেতে পারি না। সময় এসেছে বেতনের এমন পার্থক্য শেষ করার যেখানে একই চাকরি করার জন্য নারীরা তাদের পুরুষ সহকর্মীদের থেকে কম বেতন পায়। এবং কৃষ্ণাঙ্গ নারী, নেটিভ আমেরিকান নারী এবং ল্যাটিনা নারীদের জন্য বেতনের এই পার্থক্য আরো ব্যাপক। বেতনের বৈষম্য স্থায়ীভাবে শেষ করে দিতে সুযোগের সমতার প্রচার করার জন্য আমি গভর্নর, NYSDOL, আমার আইনসভার পার্টনারগণ এবং নিউ ইয়র্কের পরিশ্রমী নারীদের সাথে কাজ চালিয়ে যাবো।"

এছাড়াও স্টেটের আইনসভার সাথে গভর্নর Hochul-এর (হোকল) ঐতিহাসিক, একাধিক বছরের চুক্তির অংশ হিসেবে নিউ ইয়র্কের সর্বনিম্ন বেতন বেড়ে চলেছে। NYSDOL-এর লিঙ্গের কারণে বেতনের পার্থক্যের রিপোর্টে (Gender Wage Gap Report) দেখা গেছে যে বেশিরভাগ সর্বনিম্ন বেতনের কর্মীরা অশ্বেতাঙ্গ নারী। সর্বনিম্ন বেতন বাড়ানোর মাধ্যমে নিউ ইয়র্ক পুরো স্টেটের নারীদেরকে অর্থ দিচ্ছে। একই সময়ে, নিউ ইয়র্কের Pay Transparency আইন অনুযায়ী চাকরিদাতাদের জন্য সকল চাকরির প্রজ্ঞাপনে বেতনের ব্যাপ্তি উল্লেখ করা আবশ্যক, যা নারীদেরকে আরো ভালো অবগত ক্যারিয়ারের সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা দিবে এবং নিশ্চিত করবে যে তারা ন্যায্য বেতন পাচ্ছে।

এছাড়াও NYSDOL পুরো স্টেটে তাদের ক্যারিয়ার সেন্টারের (Career Centers) মাধ্যমে নারীর ক্ষমতায়ন করা চালিয়ে যাচ্ছে। এই সেন্টারগুলি সকল নিউ ইয়র্কবাসীকে বিনা খরচে ক্যারিয়ার কাউন্সেলিং, দক্ষতা বিকাশ, রিজিউম সহায়তা, ইন্টারভিউয়ের পরামর্শ, এবং ভালো বেতনের চাকরির রেফারেল দিয়ে থাকে। এছাড়াও ডিপার্টমেন্ট একটি বেতন আলোচনার গাইড দিয়ে থাকে যাতে নিউ ইয়র্কবাসীদেরকে নিজেদের উপার্জনের সম্ভাবনা সর্বোচ্চ করতে সাহায্য করা যায়।

লিঙ্গের কারণে বেতনের পার্থক্যের উপর আলোকপাত করতে এবং তার সমাধান করতে NYSDOL-এর চেষ্টার অংশ হিসেবে তারা নিউ ইয়র্কে সমান বেতনের অবস্থার উপর নজর রেখে

চলেছে এবং এই সম্পর্কে বার্ষিক আপডেট প্রকাশ করে। সকল কর্মীকে ন্যায্যভাবে মূল্য ও ক্ষতিপূরণ দেয় এমন একটি শ্রম বাজারকে সমর্থন করার জন্য এই অঙ্গীকারটি স্বচ্ছতা নিশ্চিত করে এবং ডেটাচালিত কৌশলকে অবগত করে।

লিঙ্গের কারণে বেতনের পার্থক্যের মোকাবেলা করতে এবং ওয়ার্কফোর্সে সমতাকে সমর্থন করতে নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ লেবারের উদ্যোগগুলি সম্পর্কে আরো তথ্য জানতে জেন্ডার ওয়েজ গ্যাপ হাব (Gender Wage Gap Hub) ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন